# ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের উদ্যোগে আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালিত

ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের উদ্যোগে আন্তজার্তিক মাতৃভাষা দিবস উপলক্ষে সম্প্রতি মিন্টু এলাকায় অবস্থিত্ব *Grange Public School* অডিটোরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। স্কুলের ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করে। আলোচনা সভায় অংশগ্রহন করেন সর্বজনাব ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সভাপতি মোসলেম উদ্দিন মিঞা, বীর মুক্তিযোদ্ধা গোলাম মওলা, স্কুলের সহ সভাপতি ও কমিউনিটি ওয়ার্কার মাসুদ চৌধুরী জে.পি, অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সহ সভাপতি শাহ আলম সৈয়দ,ইসলামিক ফোরামের সহ কোর্ডিনেটর আখতার হোসেন বাদল, স্কুলের ডা.বজলু, আবদুস সালাম, ড. খায়রুল চৌধুরী, নাসরিন মোফাজ্জল, এবং স্কুলের প্রিন্সিপাল রোকেয়া আহমদ। বক্তারা ১৯৫২ সালে মাতৃভাষা প্রতিষ্ঠার জন্য জীবন উৎসর্গকারী সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং নতুন প্রজন্মদের কাছে বাংলা ভাষা পৌছায়ে দেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। এ জন্য উপস্থিত সকল অভিভাবক-দর্শক এবং অত্র এলাকায় বসবাসকারী সকল কমিউনিটির সদস্যদের নিজ শিশু-সন্তানদের বাংলা স্কুলে নিয়ে আসার জন্য অনুরোধ জানান। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশের জনপ্রিয় কবিতা ও গান গেয়ে শুনান স্কুলের ছাত্র-ছাত্রী নওরীন, নাদিয়া, অনিকা, সালমান, সাফিন, মুন, সাকিরা, রাহাত, মানসিব, রওনক সহ প্রমুখ। পরে স্কুলের ছাত্র-ছাত্রী, অভিভাবক ও অতিথিদের আন্তরিক ধন্যবাদ জানান স্কুলের সভাপতি মোসলেম উদ্দিন মিঞা। উল্লেখ্য, ক্যাম্বেলটাউন বাংলা স্কুল দীর্ঘদিন যাবত ক্যাম্বেলটাউন এলাকায় বসবাসরত নতুন প্রজন্মদের বাংলা-আরবী-সংস্কৃতি শিক্ষা দিয়ে আসছে। সম্প্রতি স্কুলে ছাত্র-ছাত্রীরা ক্যাম্বেলটাউনস্থ বাংলা মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করে ব্যাপক প্রসংশা

কুড়িয়েছে। প্রতি রোববার সকাল ১০ টা থেকে *Grange Public School Campus 8, Benham Road Minto*,এ ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের ক্লাস অনুষ্ঠিত হয়।